রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জানুয়ারি ৮, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৮ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.০২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনপ্রশাসনে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকসহ যুগ্মসচিব ও তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাদের নিয়োগ, বদলি ও শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে পরামর্শ প্রদানের জন্য নিম্নরূপে **'জনপ্রশাসন বিষয়ক কমিটি'** গঠন করেছে :

১.১। **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| ১) | ড. সালেহউদ্দিন আহমেদ<br>মাননীয় উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২) | ড. মুহাম্মদ ফাওজুল কবির খান<br>মাননীয় উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩) | সৈয়দা রিজওয়ানা হাসান<br>মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |


**মূল্য :** টাকা ৪·০০

| | | | |
|---|---|---|---|
| ৪) | জনাব মোঃ নাহিদ ইসলাম<br>মাননীয় উপদেষ্টা, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |
| ৫) | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| ৬) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য। |

১.২। এ কমিটিতে সচিব বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি:**

কমিটি বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকসহ যুগ্মসচিব ও তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাদের বদলি, নিয়োগ ও শৃঙ্খলার বিষয়ে পরামর্শ প্রদান করবে।

১.৪। জনপ্রশাসন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৫। কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তরের কাছে তথ্য চাইতে পারবে।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাহেদা পারভীন
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd